তারিখ ...05 OCT 2015...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

সমকাল

শাহবাগে সড়ক অবরোধ

# প্রধানমন্ত্রীর কাছে মেডিকেলে ভর্তিচ্ছুদের স্মারকলিপি

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের গ্রেফতার ও বিচারসহ ফের ভর্তি পরীক্ষা গ্রহণের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা গতকাল রোববার সড়ক অবরোধ, প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদানসহ নানা কর্মসূচি পালন করেছেন। দিনভর কয়েকশ শিক্ষক-অভিভাবকের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ঢাকা বিশ্ববিদ্যালয় ও শাহবাগ এলাকা ছিল বিক্ষোভে উত্তাল। আন্দোলনকারীরা পুলিশি ব্যারিকেড ভেঙে শাহবাগ মোড়ে অবস্থান নেন। দেশাত্মবোধক ও প্রতিবাদী গান, বাজনা ও স্লোগানে তারা প্রায় চার ঘণ্টা শাহবাগে সড়ক অবরোধ করে রাখেন। এতে ওই এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

এরপর বিকেলে শাহবাগ মোড়ের সড়ক অবরোধ তুলে নিয়ে দিনের কর্মসূচি শেষ করেন তারা। তবে আজ সোমবার সকাল ৯টা থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে ফের অবস্থান নেওয়ার ঘোষণা দেওয়া হয়। আন্দোলনকারীদের পক্ষে নতুন এই কর্মসূচি ঘোষণা করেন আসিফ বিন ত্বাকী। একই সঙ্গে তিনি সব মেডিকেল কলেজ শিক্ষার্থী ও ইন্টার্নরত চিকিৎসকদের আগামীকাল (আজ) এক ঘণ্টা কর্মবিরতি পালনের আহ্বান জানান।

এদিকে, আন্দোলনকারী শিক্ষার্থীদের ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

# প্রধানমন্ত্রীর কাছে

[তৃতীয় পৃষ্ঠার পর]

দাবি অনুযায়ী ৬ অক্টোবরের মধ্যে ফের ভর্তি পরীক্ষা না হলে ৭ অক্টোবর সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে প্রগতিশীল ছাত্রজোট ও সাম্রাজ্যবাদবিরোধী ছাত্র ঐক্য। দুটি জোটের সমন্বয়ক ইমরান হাবীব বলেন, ৭ তারিখে দেশের সব শিক্ষার্থীর সঙ্গে সর্বাত্মক ছাত্র ধর্মঘট করবেন তারা।

সরেজমিন দেখা যায়, গতকাল রোববার সকালে আন্দোলনকারীরা শহীদ মিনার এলাকায় এসে জড়ো হন। বেলা সাড়ে ১১টার দিকে তারা প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়ার জন্য শহীদ মিনার থেকে যাত্রা শুরু করেন। শাহবাগে গণগ্রন্থাগারের সামনে পুলিশের ব্যারিকেডের সম্মুখীন হন তারা। এ সময় পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের বাকবিতণ্ডা হয়। দুপুর ১২টার দিকে আন্দোলকারীরা পুলিশ ব্যারিকেড ভেঙে শাহবাগ মোড়ে অবস্থান নেন। এরপর তারা মাইকে দেশাত্মবোধক ও প্রতিবাদী গান, কবিতা আবৃত্তি এবং বিভিন্ন স্লোগানে শান্তিপূর্ণভাবে তাদের অবস্থান কর্মসূচি শুরু করেন। কয়েকশ শিক্ষার্থী ও অভিভাবকের এই অবস্থানে শাহবাগ সড়কে সব ধরনের যান চলাচল বন্ধ হয়ে যায়। তবে রোগী ও লাশবাহী গাড়ি যেতে সহায়তা করেন আন্দোলনকারীরা। আর অন্যান্য দিন পুলিশের ভূমিকা অত্যন্ত আক্রমণাত্মক থাকলেও গতকাল কিছুটা নমনীয় ছিল।

এদিকে ওই সময় শিক্ষার্থী ও অভিভাবকদের সাত সদস্যের একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দিতে যায়। দলে শিক্ষার্থীদের মধ্যে ছিলেন– মোহাইমিনুল নিয়ন, আবু সায়েম দোসর, সাদিয়া আফরিন, আসিফ বিন ত্বাকী ও পিংকী। অভিভাবকদের মধ্যে ছিলেন– আশরাফ কামাল ও বোরহান উদ্দিন।

প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দেওয়া প্রসঙ্গে আসিফ বিন ত্বাকী বলেন, তারা প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসারের কাছে স্মারকলিপি জমা দিয়েছেন। তাদের বলা হয়েছে, প্রধানমন্ত্রী দেখা করার জন্য সময় দিলে পরে জানানো হবে।

আন্দোলনকারী শিক্ষার্থীদের পক্ষ থেকে জানানো হয়, স্মারকলিপি প্রদানের পরও ইতিবাচক কোনো সিদ্ধান্ত না এলে তারা ঘরে ফিরে যাবেন না।

এদিকে মেডিকেলে ভর্তি পরীক্ষার ফল বাতিল ও আবার ভর্তি পরীক্ষার দাবির সঙ্গে ঢাকা মেডিকেল কলেজ, সলিমুল্লাহ মেডিকেল কলেজ, সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ বিভিন্ন বাম ছাত্র সংগঠন একাত্মতা প্রকাশ করেছে।